তারিখ: 15-MAR-2015
পৃষ্ঠা ... কলাম ...

# হাজীগঞ্জে ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ, আহত ৭

■ চাঁদপুর প্রতিনিধি

চাঁদপুরের হাজীগঞ্জে ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষে সাতজন আহত হয়েছেন। শুক্রবার রাত ১১টার দিকে জাকির হোসেন সোহেল ও একরামুল হক সোহাগ গ্রুপের মধ্যে এ সংঘর্ষ হয়। আহতদের মধ্যে ছাত্রলীগ নেতা ও জেলার আমরা মুক্তিযোদ্ধার সন্তানের সাংগঠনিক সম্পাদক সোহাগের অবস্থা আশঙ্কাজনক। তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

শুক্রবার রাতে ছাত্রলীগ নেতা সোহাগ হাজীগঞ্জ বাজারে এলে সোহেল ও তার গ্রুপের লোকজন ধাওয়া করে। পরে সোহাগ গ্রুপের নেতাকর্মীরা খবর পাওয়ার পর দু'গ্রুপ লাঠিসোটা ও দেশি অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে।

স্থানীয় ছাত্রলীগ নেতা নূরুল আমিন বাবু জানান, কিছুদিন আগে সোহেল গ্রুপের হাজীগঞ্জ শহর ছাত্রলীগ নেতা সরোয়ার হোসেনকে কুমিল্লায় অস্ত্রসহ আটক করে পুলিশ। তাকে ধরিয়ে দেওয়ার পেছনে কুমিল্লায় অবস্থানরত সোহাগের ইন্ধন ছিল বলে ধারণা করে সোহেল গ্রুপ। এর জের ধরেই এ ঘটনা ঘটে।